৭৭

দৈনিক সংবাদ

তারিখ ... 20 DEC 1998 ...
পৃঃ 2 কলাম ... 5 ...

# ব্রাহ্মণবাড়িয়ায় ব্র্যাকের স্কুল জ্বালিয়ে দিয়েছে দুর্বৃত্তরা

ব্রাহ্মণবাড়িয়া, (নিজস্ব সংবাদদাতা) ১৯শে ডিসেম্বর।– দুষ্কৃতকারীরা ব্রাহ্মণবাড়িয়া সদর থানার মঙ্গন গ্রামের হেবজু মিয়ার বাড়িতে অবস্থিত ব্র্যাক পরিচালিত উপানুষ্ঠানিকের একটি বিদ্যালয় আগুন দিয়ে জ্বালিয়ে দিয়েছে।

গত ১৭ই ডিসেম্বর বৃহস্পতিবার দিবাগত রাতে দুষ্কৃতকারীরা কেরোসিন দিয়ে স্কুলটিতে আগুন ধরিয়ে দেয়। গৃহকর্তার চিৎকারে আশপাশের লোকজন

ব্রাক ঃ পৃঃ ৭ কঃ ৫

## ব্রাক ঃ পুড়িয়ে দিয়েছে

( ১ম পৃষ্ঠার পর )

দৌড়ে এসে আগুন নিভিয়ে ফেলতে সক্ষম হয়। ভস্মীভূত স্কুলটির বেড়ায় ও সারা ঘরে কেরোসিনের গন্ধ এবং কিছু পলিথিন পাওয়া গেছে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করলেও তারা এ ব্যাপারে কাউকে গ্রেফতার করতে পারেনি।

ব্রাহ্মণবাড়িয়া শহরের বিভিন্ন এনজিও অফিস থেকে লুণ্ঠিত মালামাল উদ্ধারে পুলিশি অভিযান চলছে। আজ শনিবার পুলিশ বিভিন্ন স্থান থেকে বেশকিছু লুণ্ঠিত মালামাল পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করেছে। উদ্ধারকৃত মালামালের মধ্যে রয়েছে ২টি স্টিলের আলমারি, ১টি স্টিলের ফাইল কেবিনেট, ৩টি স্টিলের বাক্স, ২টি স্টিলের বড় ট্রাংক, ১০৭টি ঢেউটিন, ৩টি কাঠের চেয়ার, ১টি কাঠের বেঞ্চ, ২টি দরজা ও ২টি কোদাল।